

গ্রুপ : / ক/ খ/  
প্রযোজ্য ক্ষেত্রে টিক ( ✓ ) দিন ।

সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট  
সিরাজগঞ্জ

ছবি

সিরাজগঞ্জ জেলার মেধাবী অথচ দরিদ্র ছাত্র-ছাত্রীদের শিক্ষাবৃত্তি - ২০২৬

আবেদন ফরম

- ১। ছাত্র/ছাত্রীর নাম : .....
- ২। পিতার নাম : ..... পেশা : সরকারি/আধাসরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত/ ব্যবসায়ী/ কৃষক/ শ্রমিক/ দিনমজুর/ (প্রযোজ্য ক্ষেত্রে ✓ টিক দিন) । অন্য কোন পেশা হলে লিখুন .....  
বার্ষিক আয় .....
- ৩। মাতার নাম : ..... পেশা : সরকারি/ আধাসরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত/ গৃহিণী / ( প্রযোজ্য ক্ষেত্রে টিক ( ✓ ) দিন ) অন্য কোন পেশা হলে লিখুন.....  
বার্ষিক আয় .....
- ৪। স্থায়ী ঠিকানা : গ্রাম/মহল্লা.. .....ডাকঘর .....  
থানা/উপজেলা..... জেলা - সিরাজগঞ্জ ।
- ৫। বর্তমান / পত্র যোগাযোগের ঠিকানা : .....  
..... ফোন/মোবাইল : .....
- ৬। পিতার অবর্তমানে আইনানুগ অভিভাবকের নাম : ..... পেশা :  
সরকারি/ আধাসরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত/ ব্যবসায়ী/ কৃষক/ শ্রমিক/ দিনমজুর/ (প্রযোজ্য ক্ষেত্রে টিক ( ✓ ) দিন )  
অন্যকোন পেশা হলে লিখুন..... বার্ষিক আয় .....
- ৭। আবেদনকারীর ভাই বোনের সংখ্যা ..... আবেদনকারী পিতা মাতার কততম সন্তান.....
- ৮। বর্তমানে অধ্যয়নরত বিদ্যালয়/ মাদ্রাসা/ কলেজের নাম : .....  
অধ্যয়নরত শ্রেণী..... বিভাগ ....., রোল.....
- ৯। ক গ্রুপে আবেদনকারীর ক্ষেত্রে সর্বশেষ বার্ষিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ- .....
- ১০। আবেদনকারী আদিবাসী/প্রতিবন্ধী ? (প্রযোজ্য ক্ষেত্রে টিক ( ✓ ) দিন ।)
- ১১। বিগত পরীক্ষার ফলাফল (কেবলমাত্র খ গ্রুপের আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য) :

ক্রমিক নং	পরীক্ষার নাম	পাশের সন	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী / জিপিএ	শিক্ষা প্রতিষ্ঠানের নাম
১	এসএসসি/দাখিল/সমমান			

- ১১। আবেদনকারী সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট অথবা অন্যকোন প্রতিষ্ঠান থেকে শিক্ষা বৃত্তি পেয়ে থাকলে সন উল্লেখসহ তার বিবরণ :  
.....

আবেদনকারীর পূর্ণ নাম :

স্বাক্ষর :

তারিখ :

বিঃ দ্রঃ আবেদন ফরম পূরণের ক্ষেত্রে সংযুক্ত শর্তাবলী অনুসরণ করতে হবে ।

## শর্তাবলী :

- ১। সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট এর শিক্ষা বৃত্তির জন্য আবেদনকারীকে সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট এর শিক্ষাবৃত্তি- ২০২৬ এর জন্য শুধুমাত্র নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা ই-সেবা কেন্দ্র, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর ওয়েব সাইট - [www.sirajganj.gov.bd](http://www.sirajganj.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। এছাড়া জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম ফটোকপি করা যাবে এবং স্বহস্তে পূরণ করে জমা দিতে হবে।
- ৩। ক- গ্রুপের আবেদনকারীকে নবম অথবা দশম শ্রেণীতে অধ্যয়নরত হতে হবে এবং অবশ্যই সর্বশেষ বার্ষিক পরীক্ষার ফলাফল সংযুক্ত করতে হবে। খ- গ্রুপের আবেদনকারীর ক্ষেত্রে একাদশ অথবা দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত হতে হবে এবং অবশ্যই এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ-৫.০০ এবং মানবিক ও বাণিজ্য বিভাগে জিপিএ ৪.৫০ প্রাপ্ত হতে হবে। এসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। **আবেদনকারী চলতি বছরে অন্য কোথাও থেকে বৃত্তি প্রাপ্ত হলে আবেদন করতে পারবেন না।**
- ৪। আবেদন পত্রের সাথে পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনকারীর পিতা/ মাতা/ অভিভাবক/ভাই বোন এর বার্ষিক আয় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বেশি হলে আবেদন করার প্রয়োজন নেই। এ আয়সীমা চাকুরীজীবীদের শুধুমাত্র মূল বেতন হিসেবে প্রযোজ্য হবে।
- ৬। সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরীরত পিতা/মাতা/ভাই বোন/অভিভাবকের বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট দফতর প্রধান কর্তৃক প্রদত্ত হতে হবে।
- ৭। আবেদনকারী ছাত্র ছাত্রীর পিতা/ মাতা/ভাই বোন/অভিভাবক ব্যবসায়ী /কৃষক/ শ্রমিক বা অন্যকোন পেশার হলে তার বার্ষিক আয়ের প্রত্যয়নপত্র প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর নিকট থেকে প্রত্যয়নপত্র সংগ্রহ করতে হবে।
- ৮। আবেদনকারী আদিবাসী হলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ ও প্রতিবন্ধী হলে সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।
- ৯। আবেদনকারী অধ্যয়নরত মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। আবেদনকারী কোন পরীক্ষা হয়ে থাকলে তার বিবরণ উল্লেখ করতে হবে।
- ১০। আবেদনকারীকে সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ১১। আবেদনপত্রের নির্ধারিতস্থানে এক কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে।
- ১২। বিলম্বে প্রাপ্ত, ত্রুটিপূর্ণ ও অসত্য তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৩। আবেদনপত্র আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে জেলা প্রশাসক ও সভাপতি, সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট, সিরাজগঞ্জ বরাবর সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১৪। বৃত্তির জন্য মনোনয়নের ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতার ভিত্তিতে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৫। বৃত্তির জন্য মনোনীত 'ক' গুপের প্রত্যেক শিক্ষার্থীকে এককালীন ১২,০০০/- (বারো হাজার) এবং 'খ' গুপের শিক্ষার্থীকে এককালীন ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা প্রদান করা হবে।
- ১৬। বিস্তারিত তথ্যের জন্য ০২ ৫৮৮৮৩০২৬৭ অথবা ০১৮৪৪২৮৯৬৮৯ নম্বরে যোগাযোগ করা যাবে।

(রোজিনা আক্তার)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
ও  
আহ্বায়ক  
সিরাজগঞ্জ কল্যাণ ট্রাস্ট শিক্ষা বৃত্তি ২০২৬ উপ-কমিটি